দৈনিক বাংলা

3

তারিখ 11 FEB 1990
পৃষ্ঠা ২ কলাম ১

# ময়মনসিংহ পলিটেকনিক বন্ধ ঘোষণা

॥ নিজস্ব সংবাদদাতা ॥

ময়মনসিংহ, ১০ই ফেব্রুয়ারী।– ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট আজ থেকে অনিৰ্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষ আজ রাত ১০টার মধ্যে ছাত্রদের হলত্যাগের নির্দেশদিয়েছেন।

গত বৃহস্পতিবার সকালে পলি–

(৩–এর পৃঃ দ্রঃ)

**বন্ধ ঘোষণা** (প্রথম পৃঃ পর)

টেকনিকের সামনে ছাত্র ও মটর শ্রমিকদের মধ্যে এক অপ্রীতিকর ঘট–নার জের হিসাবে বিক্ষুব্ধ ছাত্ররা একটি কোচ ভাঙচুর করে। এনিয়ে গত ২দিন ময়মনসিংহ–ঢাকা মহাসড়কসহ জেলার ৮টি রুটে যানবাহন চলাচল বন্ধ থাকে। এ ঘটনায় ছাত্র, মটর–শ্রমিক ও মালিকদের মধ্যে উত্তেজনা বিরাজ করায় কর্তৃপক্ষ পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার সিদ্ধান্ত নিয়েছেন। সংশ্লিষ্ট কলেজ সূত্র এ তথ্য জানায়।

6/